


# ডিজিটাল আর্থিক সেবা

## ডিজিটাল ব্যাংকিং

প্রচলিত পদ্ধতিতে সরাসরি কাউন্টারে না গিয়ে ডিজিটাল প্ল্যাটফর্ম এর সহায়তায় ডিজিটাল ডিভাইস ব্যবহার করে ব্যাংকিং সেবা গ্রহণ করাকেই ডিজিটাল ব্যাংকিং নামে আখ্যায়িত করা হয়।

## ক্রেডিট কার্ড কী?

ক্রেডিট কার্ড এক প্রকারের পেমেন্ট কার্ড যার মাধ্যমে উক্ত কার্ডের মালিক পরবর্তীতে নির্দিষ্ট তারিখে সময়যোগ্য ঋণের ভিত্তিতে বর্তমানে লেনদেন পরিচালনা করতে পারেন।

## ডেবিট কার্ড কী?

ডেবিট কার্ড এক ধরনের পেমেন্ট কার্ড, যা গ্রাহকের হিসাবের বিপরীতে ইস্যু করা হয় এবং গ্রাহক হিসাব থেকে সরাসরি অর্থ বিয়োজনের মাধ্যমে সংশি-ষ্ট গ্রাহককে আর্থিক লেনদেন পরিচালনার সুবিধা প্রদান করে।

## BEFTN কী?

BEFTN অর্থ বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক, যার মাধ্যমে ব্যাংকগুলোর গ্রাহক ইলেকট্রনিক উপায়ে নিজের ব্যাংক অ্যাকাউন্ট হতে অন্য ব্যাংকের গ্রাহকের অ্যাকাউন্টে টাকা লেনদেন করতে পারেন।

## BEFTN এর মাধ্যমে কোন কোন ধরনের ব্যাংকিং সেবা পাওয়া যায়?

- **BEFTN** এর মাধ্যমে গ্রাহকের নিজের ব্যাংক হিসাব হতে অন্য যে কোনো ব্যাংকের গ্রাহকের হিসাবে টাকা পাঠাতে পারেন;
- প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের মাসিক বেতন-ভাতা পরিশোধ করা যায়;
- গ্রাহকের অ্যাকাউন্টে সরাসরি ডিভিডেন্ড, ইন্টারেস্ট প্রভৃতি জমা করা যায় এবং গ্রাহকের ব্যাংক হিসাব হতে বিদ্যুৎ, পানি, গ্যাস বিল, ঋণের কিস্তি, বিমা প্রিমিয়াম ইত্যাদি আদায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের অবসরকালীন সুবিধাদি প্রদান, সামাজিক নিরাপত্তা ভাতা প্রদান, সঞ্চয়পত্রের মুনাফা ও আসল পরিশোধ করা যায়।

## BD-RTGS সিস্টেম কী?

**BD-RTGS** সিস্টেম অর্থ বাংলাদেশ রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট সিস্টেম। এটি অর্থ লেনদেনের সবচেয়ে দ্রুত ইলেকট্রনিক ব্যবস্থা। এই লেনদেন ব্যবস্থায় তাৎক্ষণিক এক ব্যাংকের গ্রাহকের অ্যাকাউন্ট হতে অন্য ব্যাংকের গ্রাহকের অ্যাকাউন্টে টাকা পাঠানো যায়।

## BD-RTGS সিস্টেমে কী কী ব্যাংকিং সুবিধা আছে?

RTGS ব্যবস্থায় এক ব্যাংকের গ্রাহক অপর ব্যাংকের গ্রাহকের হিসাবে তাৎক্ষণিকভাবে অর্থ স্থানান্তর করতে পারেন। পাশাপাশি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিজেদের মধ্যে তাৎক্ষণিকভাবে অর্থ লেনদেন করতে পারেন। সরকারি কোষাগারে দ্রুত অর্থ প্রদান এবং অর্থ প্রাপ্তির পর মেসেজের মাধ্যমে বিষয়টি নিশ্চিত হওয়া যায় বিধায় বিভিন্ন ধরনের সরকারি পরিশোধ ব্যবস্থা RTGS সিস্টেমে অন্তর্ভুক্ত করা হয়েছে। RTGS ব্যবস্থায় বর্তমানে কাস্টমস ডিউটির ই-পেমেন্ট, জাতীয় রাজস্ব বোর্ডের অনলাইন ভ্যাট পেমেন্ট এবং অর্থ মন্ত্রণালয়ের অটোমেটিক চালান সিস্টেম সংযুক্ত রয়েছে

## ডিজিটাল ব্যাংকিং সেবাসমূহ

বাংলাদেশের ব্যাংকসমূহ বিভিন্ন ধরণের ডিজিটাল ব্যাংকিং সেবা দিয়ে থাকে। বাংলাদেশের বিভিন্ন ব্যাংকে প্রচলিত ডিজিটাল ব্যাংকিং সেবাসমূহের মধ্যে রয়েছে-

- ইন্টারনেট/অনলাইন ব্যাংকিং
- এটিএম (অটোমেটেড টেলার মেশিন) সেবা
- ডেবিট/ক্রেডিট কার্ড সেবা
- মোবাইল ব্যাংকিং
- এসএমএস (শর্ট মেসেজ সার্ভিস) সেবা ইত্যাদি

# ইন্টারনেট ব্যাংকিং

ইন্টারনেট এর সহায়তায় ডিজিটাল যন্ত্র ব্যবহারের মাধ্যমে ব্যাংকিং সেবা গ্রহণ করাই হচ্ছে ইন্টারনেট ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং। এক্ষেত্রে যে ব্যাংকে গ্রাহকের হিসাব থাকবে সে ব্যাংক এর সংশ্লিষ্ট শাখায় আবেদনের মাধ্যমে গ্রাহকের ইন্টারনেট ব্যাংকিং চালু করতে হবে। গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে ব্যাংক কর্তৃক গ্রাহককে একটি আইডি ও পাসওয়ার্ড সরবরাহ করা হবে। পরবর্তীতে গ্রাহক উক্ত পাসওয়ার্ড নিজের পছন্দমত পরিবর্তন করতে পারবেন। নিরাপত্তার স্বার্থে নির্দিষ্ট সময় পর পর পাসওয়ার্ডটি পরিবর্তন করে ব্যবহার করতে হবে।

ইন্টারনেট-এ যুক্ত হয়ে একজন গ্রাহক সংশি-ষ্ট ব্যাংকের সুরক্ষিত ওয়েবসাইট-এর মাধ্যমে তার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে তার ব্যাংক হিসাব এ প্রবেশ করতে পারেন। ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে একজন গ্রাহক সাধারণত: নিম্নোক্ত সুবিধাগুলো পেতে পারেন:

- দিনে ২৪ ঘণ্টা একাউন্টে প্রবেশের সুবিধা;
- হিসাবের ব্যালেন্স অনুসন্ধান;
- ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার সুবিধা ব্যবহার করে এক হিসাব থেকে অন্য হিসাবে বা মোবাইল ওয়ালেটে অর্থ স্থানান্তর;
- ইউটিলিটি বিল পরিশোধ (যেমন: বিদ্যুৎ, পানি, গ্যাস, ল্যান্ড ফোন, মোবাইল, টিউশন ফি, ইন্টারনেট বিল ইত্যাদি)
- অনলাইন কেনাকাটা;
- হিসাবের বিবরণী অনুসন্ধান;
- ক্রেডিট কার্ড এর বিল পরিশোধ;
- বিভিন্ন ডিপোজিট স্কিম এ সঞ্চয় ও ইনস্যুরেন্স এর প্রিমিয়াম প্রদান ইত্যাদি।

## এটিএম (অটোমেটেড টেলার মেশিন) সেবা

এটি এমন একটি পদ্ধতি যার মাধ্যমে গ্রাহকগণ ব্যাংকে না গিয়ে তাঁর কার্ড ব্যবহার করে নিকটস্থ বুথ থেকে টাকা উত্তোলন করতে পারেন। সংশ্লিষ্ট ব্যাংক বা অন্য কোনো ব্যাংক এর বুথে গিয়ে প্রথমে কার্ড প্রবেশ করার পর পিন চাপতে হয়। তারপর পিন আইডেন্টিটি চেক হবার পর রিকোয়েস্টটি ব্যাংকের এটিএম এর সুইচে যায়। তারপর সেখান থেকে ভেরিফাই হলে একাউন্ট এর টাকা উত্তোলন করা যায়। এই প্রক্রিয়ায় খুব সহজেই দেশের যে কোনো প্রান্তে অবস্থিত এটিএম বুথ থেকে অতি অল্প সময়ের মধ্যে নগদ টাকা উত্তোলন করা যায়। ফলে দূর দূরান্তে ভ্রমনে বা শপিং করতে নিজের সাথে নগদ টাকা বহন করার ঝুঁকি হ্রাস করা যায়।

## এসএমএস (শর্ট মেসেজ সার্ভিস) সেবা

এটি এমন একটি পদ্ধতি যার মাধ্যমে গ্রাহকগণ ইন্টারনেট সংযোগ ছাড়াই নিজের ব্যাংক একাউন্টে প্রবেশ করতে পারেন এবং হিসাব সংক্রান্ত বিভিন্ন তথ্য পেতে পারেন। এছাড়া গ্রাহকের একাউন্টের যাবতীয় লেনদেন সম্পর্কে অবগত করে স্বয়ংক্রিয় বার্তা প্রেরণ করা হয়ে থাকে যা গ্রাহকের ব্যাংক হিসাবের নিরাপত্তা বৃদ্ধি করে।